- **চিরঞ্জীব মুজিব চলচ্চিত্রে বঙ্গবন্ধুর ভূমিকায় অভিনয় করবেন**– আহমেদ রুবেল **,**পরিচালক**– নজরুল ইসলাম **
- **কোরীয় ভাষায় অনুবাদ করেন**– লি ডং হিউন **

কারাগারের রোজনামচা (Prison Diaries)

- **বঙ্গবন্ধুর ২য় আত্মজীবনীমূলক গ্রন্থ** – কারাগারের রোজনামচা
- **বইটির ভূমিকা লেখেন**– প্রধানমন্ত্রী শেখ হাসিনা
- **প্রকাশিত হয়** – ২০১৭ সালের ১৭ মার্চ বঙ্গবন্ধুর ৯৮ জন্ম বার্ষিকীতে



- **গ্রন্থটি প্রকাশ করে**– বাংলা একাডেমি
- **বইটির ইংরেজি অনুবাদ করেছেন** – ফখরুল আলম
- **নামকরণ করেন বঙ্গবন্ধুর কনিষ্ঠ কন্যা**– শেখ রেহানা
- **গ্রন্থে স্থান পেয়েছে**– ১৯৬৬-৬৮ সাল জেল জীবনেরচিত্র
- **বইটির প্রচ্ছদ শিল্পী**– তারিক সুজাত
- **বইটি প্রকাশিত হয়েছে**– মোট ৫টি ভাষায়
- **অনূদিত হয়েছে**– ৪টি ভাষায় (ইংরেজি, অসমীয়া, নেপালি ও ফরাসি) **
- **২০২১ সালের ১৭ ই জুন ফরাসি ভাষায় অনুবাদ করেন**– ফিলিপে বেনোয়াঁ
- **ফরাসি ভাষায় অনূদিত গ্রন্থের নাম**– Journal De Prison **
- **বঙ্গবন্ধুর জেলখানার জীবনের উপর লেখা বই**– ৩০৫৩ দিন

আমার দেখা নয়াচীন (New China 1952)

- **চীন ভ্রমণের অভিজ্ঞতা নিয়ে লেখা ভ্রমণ কাহিনী নির্ভর বই**– আমার দেখা নয়াচীন
- **বঙ্গবন্ধুর ৩য় আত্মজীবনীমূলক গ্রন্থ**– আমার দেখা নয়াচীন
- **বঙ্গবন্ধুর ১৯৫২ সালে চীন ভ্রমণের অভিজ্ঞতা নিয়ে আমার দেখা নয়াচীন বইটি লেখা শুরু করেছেন**– ১৯৫৪ সালে

- **প্রকাশিত হয়**–২০২০ সালে ২রা ফেব্রুয়ারি বাংলা একাডেমি কর্তৃক
- **বইটির ভূমিকা লিখেছেন**– বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা
- **বইটি ইংরেজি অনুবাদ করেছেন** – ফখরুল আলম (১৮ মার্চ, ২০২১)

বঙ্গবন্ধু নিয়ে নির্মিত উল্লেখযোগ্য চলচ্চিত্র

- **মুজিব**– একটি জাতির রূপকার– বায়ো গ্রাফিমূলক চলচ্চিত্র (পরিচালক– শ্যাম বেনেগাল)।
- **তর্জনী**– ৭ মার্চের ভাষণকেন্দ্রিক চলচ্চিত্র (পরিচালক– সোহেল বয়াতি)
- **মুজিব আমার পিতা**– অ্যানিমেশন চলচ্চিত্র (পরিচালক– সোহেল মোহাম্মদ রানা)।
- **পলাশী থেকে ধানমন্ডি**– ডকুড্রামামূলক চলচ্চিত্র (নির্মাতা– আব্দুল গাফ্ফার চৌধুরী।
- **গ্রাফিক নভেল**– জীবনীভিত্তিক চলচ্চিত্র (প্রকাশক– রাদওয়ান মুজিব সিদ্দিক ববি)।
- **৫৭০–১৫** আগস্টের হত্যাকাণ্ড নির্ভর চলচ্চিত্র (পরিচালক– আশরাফ শিশির)।

বঙ্গবন্ধুর নামে ইউনেস্কোর পুরস্কার প্রদান

- **ইউনেস্কো সৃজনশীল অর্থনীতিতে উদ্যোগের জন্য তরুণদের উৎসাহিত করতে পুরস্কার চালু করে**- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ইন্টারন্যাশনাল প্রাইজ ইন দ্য ফিল্ড অব ক্রিয়েটিভ ইকোনমি।
- **পুরস্কারের বিষয়**– সৃজনশীল/সৃষ্টিশীল অর্থনীতিতে অবদানের জন্য
- **পুরস্কারের অর্থমূল্য**– ৫০ হাজার মার্কিন ডলার
- **বঙ্গবন্ধুর নামে ২০২১ সালের নভেম্বরে পুরস্কার প্রদানের ঘোষণা করে**– ইউনেস্কো
- **প্রথম পুরস্কার ঘোষণা করা হয়**– ইউনেস্কোর ৪১তম সাধারণ সভায় চলাকালে
- **২০২১ সালের ১১ নভেম্বর প্যারিসে প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রথম পুরস্কার তুলে দেন**– উগান্ডা কাম্পালা ভিত্তিক মোটিভ ক্রিয়েশন লিমিটেডের কর্তৃপক্ষ জাফেথ কাওয়ানগুজির হাতে
- **ফ্রান্সে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত ও ইউনেস্কোতে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি কাজী ইমতিয়াজ হোসেন বঙ্গবন্ধু পুরস্কারের প্রস্তাব দেন** - ২০১৯ সালের আগস্টে।

বঙ্গবন্ধুনামা

- **পাকিস্তান আমলে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ওপর বিভিন্ন গোয়েন্দা দপ্তর সংরক্ষিত গোপনীয় যে প্রতিবেদন দেয়া হয়েছিল, সেসবের ভেতর থেকে ১৯৪৮-১৯৫০ তিন বছরের প্রতিবেদনগুলো নিয়ে সংকলিত গ্রন্থের মোড়ক উন্মোচন করা হয়**- ৭ সেপ্টেম্বর ২০১৮
- **গ্রন্থের নাম** – "সিক্রেট ডকুমেন্ট অব ইনটেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দ্য নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান"

- গ্রন্থের মোট খন্ড - ১৪ খন্ড
- প্রকাশ - প্রথম খন্ড (প্রথম খণ্ডে ১৯৪৮-১৯৫০ সাল পর্যন্ত বঙ্গবন্ধুর আন্দোলন, সংগ্রাম, ভাষণ, গতিবিধি এবং কর্মকাণ্ডের বিভিন্ন তথ্য সংযোজিত হয়েছে)।
- বঙ্গবন্ধুর বিরুদ্ধে পাকিস্তানি গোয়েন্দা প্রতিবেদনের সূচনা - ১৩ জানুয়ারি ১৯৪৮।
- দ্বিতীয় গোয়েন্দা প্রতিবেদন প্রকাশ - ৩ মার্চ ১৯৪৮।
- ১৯৪৮-১৯৫০ এই তিন বছরে বঙ্গবন্ধুর বিরুদ্ধে গোয়েন্দা প্রতিবেদন দেওয়া হয়েছে- ৩২১টি (তখন বঙ্গবন্ধুর বয়স ছিল ২৮ বছর)।

মুজিব শতবর্ষ অ্যাপ

- মুজিব শতবর্ষ অ্যাপ উদ্বোধন – ১৪ মার্চ ২০২১
- উদ্বোধন করে – তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

বঙ্গবন্ধু সমাচার

- বঙ্গবন্ধুর বক্তৃতা সম্ভার -বঙ্গবন্ধুর ১০০টি ভাষণের সমন্বয়ে প্রকাশিত গ্রন্থ। মুখবন্ধ লিখেন- প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ৩০৫৩ দিন– ৩০ জুলাই ২০১৮ বঙ্গবন্ধুর জেল জীবনের উপরে বইয়ের মোড়ক উন্মোচন করা হয়।
- বাংলাদেশ ও ভারতের যৌথ প্রযোজনায় নির্মিতব্য বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক চলচ্চিত্র- বঙ্গবন্ধু
- চলচ্চিত্রটি নির্মাণ করার জন্য মনোনীত করা হয় - ভারতের প্রখ্যাত পরিচালক ও চিত্রনাট্যকার শ্যাম বেনেগালকে।
- ১৫ আগস্ট ২০১৯ জাতিসংঘ সদর দপ্তরে জাতীয় শোক দিবস অনুষ্ঠানে বঙ্গবন্ধুকে ফ্রেন্ড অব দ্য ওয়ার্ল্ড বা 'বিশ্ববন্ধু' হিসাবে আখ্যা দেন – আনোয়ারুল করিম চৌধুরী।
- নয়াদিল্লির পার্ক স্ট্রিটের নামকরণ করা হয় – বঙ্গবন্ধুর নামে
- বঙ্গবন্ধু স্কয়ার নির্মিত হচ্ছে– বাংলাবান্ধা, পঞ্চগড়
- বঙ্গবন্ধু চত্বর হচ্ছে– কক্সবাজারের কলাতলিতে।
- বঙ্গোপসাগরে যে দ্বীপের সন্ধান মিলেছে– বঙ্গবন্ধু দ্বীপ।
- বঙ্গবন্ধু দ্বীপ মংলার সমুদ্রবন্দর থেকে দূরত্ব– ৮০ কিলোমিটার দক্ষিণে
- বঙ্গবন্ধু দ্বীপ সুন্দরবনের হিরন পয়েন্ট থেকে দূরত্ব– ১৫ কিলোমিটার
- বঙ্গবন্ধু দ্বীপের আয়তন– ৭.৮৪ বর্গ কি. মি.।
- অসমাপ্ত আত্মজীবনী যে বিশ্ববিদ্যালয়ের পাঠ্যসূচীতে অন্তর্ভুক্ত হয়েছে – চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ইংরেজি বিভাগ)।
- বিবিসি রিপোর্টে শ্রেষ্ঠ বাঙালি– বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান (২০০৪ সাল)।
- বঙ্গবন্ধুকে নিয়ে নির্মিত নাটকের নাম – মহা মানবের দেশে (পরিচালক– মান্নান হীরা)।

বঙ্গবন্ধু টাওয়ার

- উচ্চতা - ২০ তলা
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের চতুর্থ শ্রেণির কর্মচারীদের বাসভবন
- প্রেক্ষাপট - ১৯৪৯ সালে ঢাবি চতুর্থ শ্রেণির কর্মচারীদের অধিকার আদায়ের আন্দোলনে নেতৃত্ব দেয়ায় ছাত্রত্ব বাতিল হয় এই মহান নেতার। যার প্রেক্ষাপটে এই ভবনের নামকরণ করা হয়। ছাত্রত্ব ফিরিয়ে দেয়া হয়-১৪ আগস্ট ২০১০ সালে।***

বঙ্গবন্ধুর হত্যাকান্ডের মৃত্যুদন্ডাদেশ প্রাপ্ত খুনি

- বঙ্গবন্ধুসহ মোট ১৭ জনকে ধানমন্ডি ৩২ নং সড়কের বাড়িতে হত্যা করা হয় - ১৯৭৫ সালের ১৫ আগস্ট ।
- বঙ্গবন্ধুর ব্যক্তিগত সহকারী মহিতুল ইসলাম বাদী হয়ে ধানমন্ডি থানায় মামলা করেন - ১৯৯৬ সালের ২ অক্টোবর।
- সুপ্রিম কোর্টের আপিল বিভাগ ১২ জনকে মৃত্যুদন্ড দেয় - ১৯ নভেম্বর, ২০০৯ সালে।
- প্রথম ফাঁসি কার্যকর - ২৮ জানুয়ারি, ২০১০ সালে (৫ জনের)।
- সম্প্রতি ক্যাপ্টেন আব্দুল মাজেদের ফাঁসি কার্যকর হয় - ১২ এপ্রিল, ২০২০ সালে।
- মোট ফাঁসি কার্যকর - ৬ জনের।

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিয়ে তথ্যচিত্র

নাম	তথ্যপ্রবাহ
১. লেটস টক উইথ শেখ হাসিনা	১৫০ জন তরুণ-তরুণী নিয়ে শীর্ষক অনুষ্ঠান
২. শেখ হাসিনা দ্যা লিডার	১১ মিনিট ৩৩ সেকেন্ড রাজনৈতিক তথ্যচিত্র
৩. শেখ হাসিনা, আ ডটার'স টেল প্রামাণ্যচিত্র	৭০ মিনিটের প্রামাণ্যচিত্র নির্মাতা - পিপলু খান
৪. হাসিনা হাকাইক আসাতি গ্রন্থ	মিসরীয় সাংবাদিক ও গবেষক মুহসেন আলী আরসি

শেখ হাসিনার গ্রন্থ ও অন্যান্য তথ্য

- শেখ মুজিব আমার পিতা
- ওরা টোকাই কেন?
- Democracy Poverty Elimination and Peace
- Democracy is Distress Demeaned Humanity
- Living is Tears
- দারিদ্র্য দূরীকরণ কিছু চিন্তা ভাবনা
- বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য বঙ্গবন্ধুর ভাষণ
- আমাদের ছোট রাসেল সোনা

- 'শেখ হাসিনা ধরলা সেতু' সেতুবন্ধন করেছে– কুড়িগ্রাম ও লালমনিরহাট জেলাকে।
- 'শেখ হাসিনা সেনানিবাস অবস্থিত– পটুয়াখালী জেলার লেবুখালীতে।
- 'শেখ হাসিনা নকশী পল্লী' অবস্থিত– জামালপুরে।
- শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়– খুলনা
- 'Peace and Harmony'– প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিয়ে লিখিত কবিতার সংকলিত গ্রন্থ।

অ্যাওয়ার্ডের নাম	সাল	প্রদানকারী	অবদান
এসডিজি অগ্রগতি পুরস্কার	২০২১	জাতিসংঘ সাসটেইনেবল ডেভেলপমেন্ট সল্যুশনস নেটওয়ার্ক (SDSN)	দারিদ্র্য দূরীকরণ, পৃথিবীর সুরক্ষা ও সবার জন্য শান্তি সমৃদ্ধি নিশ্চিতকরণ
WITSA Eminent Persons Award-2021.	২০২১	World Information Technology and Services Alliance (WITSA)	তথ্য প্রযুক্তিতে অবদান রাখায়

প্রথম কৃত্রিম উপগ্রহ বঙ্গবন্ধু-১

- বাংলাদেশের ১ম কৃত্রিম উপগ্রহ/স্যাটেলাইট– বঙ্গবন্ধু-১
- বাংলাদেশ বিশ্বের নিজস্ব স্যাটেলাইটের মালিক হয়– ৫৭ তম দেশ হিসেবে।
- উৎক্ষেপণ হয়– ১১ মে, ২০১৮ আমেরিকার সময়। ১২ মে, ২০১৮ প্রথম প্রহরে ২:১৪ মিনিটে (বাংলাদেশ সময়)
- ইন্টারনেট ব্যান্ডউইথের মাধ্যমে সেবা চালু করে– ১৯ মে, ২০১৯।
- স্যাটেলাইটের মাধ্যমে ১ম পরীক্ষামূলক সম্প্রচার শুরু - ৪ সেপ্টেম্বর, ২০১৮(সাউথ এশিয়া ফুটবল চ্যাম্পিয়নশীপে বাংলাদেশ ও ভুটানের মধ্যকার ম্যাচ)।
- বাংলাদেশে ক্যাবল সংযোগ ছাড়াই স্যাটেলাইট চ্যানেল দেখার মাধ্যমে DTH(ডিরেক্ট টু হোম) চালু করে - বেক্সিমকো কমিউনিকেশন্সের "আকাশ"।
- থ্যালেস অ্যালেনিয়া পর্যবেক্ষণ করছে - প্রথম ৩ বছর এবং পরে বাংলাদেশকে দায়িত্ব দিয়।
- স্থায়িত্ব – ১৫ বছরের জন্য রাশিয়ার কাছ থেকে অরবিটাল স্লট কেনা হয়েছে (২০১৪ সাল)।
- মহাকাশে নির্ধারিত কক্ষপথের উদ্দেশ্যে পাঠানো হয়– যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার কেপ ক্যানাভেরাল কেনেডি স্পেস সেন্টার থেকে।
- উৎক্ষেপণকারী প্রতিষ্ঠান– যুক্তরাষ্ট্রের স্পেস এক্সের লঞ্চ প্যাড
- স্যাটেলাইটটি নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান– বিটিআরসি (বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন)।
- স্যাটেলাইটটির মূল কাঠামো তৈরি ও ডিজাইন করে– থ্যালেস অ্যালেনিয়া কোম্পানি (ফ্রান্স)।
- স্যাটেলাইটটি মহাকাশে পাঠানো হয় যে রকেটে– ফ্যালকন-৯
- স্যাটেলাইট উড়ানোর কাজটি বিদেশে হলেও এটি নিয়ন্ত্রণ কেন্দ্র তৈরি করা হয়েছে– গাজীপুরে জয়দেবপুরে গ্রাউন্ড কন্ট্রোল স্টেশন ও রাঙ্গামাটি বেতবুনিয়া গ্রাউন্ড স্টেশন।
- স্যাটেলাইটি তত্ত্বাবধায়ক বিটিআরসি যে মন্ত্রণালয়ের অধীনে– ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
- বঙ্গবন্ধু স্যাটেলাইটে মোট ট্রান্সপন্ডার– ৪০টি (২০টি দেশের জন্য ব্যবহার করা হবে এবং ২০টি বিক্রি করবে)।
- মহাকাশে বঙ্গবন্ধু স্যাটেলাইটের অবস্থান– ১১৯°০১′ পূর্ব দ্রাঘিমাংশে
- স্যাটেলাইট কার্যকর হওয়ার পর নিয়ন্ত্রণ যাবে তিনটি বিদেশি গ্রাউন্ড স্টেশন– যুক্তরাষ্ট্রে, ইতালি ও দক্ষিণ কোরিয়া।
- স্যাটেলাইট উৎক্ষেপণের শ্লোগান– জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।
- ওজন– ৩ হাজার ৭০০ কেজি এবং খরচ হয়– ২,৭৬৫ কোটি টাকা।
- ১৯৫৭ সালে প্রথম স্যাটেলাইট প্রেরণ করেন স্পুটনিক-১ করে– সাবেক সোভিয়েত ইউনিয়ন (রাশিয়া)

বঙ্গবন্ধু স্যাটেলাইট-২

- দেশের ২য় স্যাটেলাইটের নাম- বঙ্গবন্ধু স্যাটেলাইট-২।
- স্যাটেলাইট উৎক্ষেপণ করা হবে- ২০২৩ সালে।
- ২য় স্যাটেলাইট প্রকল্পে পরামর্শক হিসেবে নিয়োগ পায়- Price water house coopers (PwC), ফ্রান্স।
- নিয়োগ পায়- ১৯ জানুয়ারি ২০২০।
- নির্মাণ ও উৎক্ষেপণ করবে– গ্লাভকসমস সমঝোতা স্মারক স্বাক্ষর করে– রাশিয়ার রাষ্ট্রায়ত্ত মহাকাশ সংস্থা রসকানমাস এর অঙ্গ প্রতিষ্ঠান গ্লাভকসমস ও বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানী (BSCL)
- আনুমানিক ব্যয় ধরা হয়েছে– ৩৭০৭ কোটি টাকা।

মৈত্রী বন্ধনে বাংলাদেশ–ভারত

স্বাধীনতা সড়ক

- চালু হয়– ২৬ মার্চ, ২০২১ (বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে)
- সড়ক নির্মাণের প্রেক্ষাপট– ১৭ এপ্রিল ১৯৭১ সালে বাংলাদেশের প্রথম সরকারের মন্ত্রিসভার সদস্যরা শপথ নেন মেহেরপুরের মুজিবনগরে। ভারত থেকে যে পথ দিয়ে জাতীয় চার নেতা মুক্তিযোদ্ধারা ও বিদেশী সংবাদকর্মী এসেছিলেন তাঁরই নামকরণ করা হয়– স্বাধীনতা সড়ক।

মৈত্রী সেতু

- অবস্থান– ফেনী নদীর উপর (বাংলাদেশ ও ভারতের সীমান্তে)
- দৈর্ঘ্য– ১.৯ কিলোমিটার; প্রস্থ– ১৪.৮০ মিটার
- যুক্ত করবে– খাগড়াছড়ি জেলার রামগড়ের সাথে ভারতের ত্রিপুরা রাজ্যের সাবরুমকে। সেতুর স্থায়িত্বকাল– ১০০ বছর
- পিলার– ১২টি (৮টি বাংলাদেশ অংশে এবং ৪টি ভারত অংশে)
- উদ্বোধন– ৯ মার্চ, ২০২১ (বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি)

ঢাকা – জলপাইগুড়ি যাত্রীবাহী ট্রেন

- ট্রেনের নাম– মিতালী এক্সপ্রেস. রুটের মোট দৈর্ঘ্য– ৫৯৫ কিলোমিটার
- চালু হয়– ২৭ মার্চ, ২০২১ (স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমানের জন্মশতবর্ষ উপলক্ষ্যে)
- ট্রেন চলাচল রুট– ভারতের জলপাইগুড়ি থেকে ঢাকা ক্যান্টনমেন্ট
- জেনে রাখি– ভারতের পশ্চিমবঙ্গের সাথে বাংলাদেশের আরো ২টি রেলপরিসেবা চালু আছে।
  মৈত্রী এক্সপ্রেস (ঢাকা – কলকাতা ২০০৮)
  বন্ধন এক্সপ্রেস (খুলনা – কলকাতা ২০১৭)

5G ও 6G

- ২০১৮ সালে প্রথম 5G নেটওয়ার্ক চালু করে– দক্ষিণ কোরিয়া।
- বাংলাদেশে টেলিটক প্রথমবারের মতো 5G সেবা চালু করে– ১২ ডিসেম্বর, ২০২১।
- 6G চালু করে– চীন (২০২২)

মোবাইল নিবন্ধন (NEIR)

- NEIR এর পূর্ণরূপ– National Equipment Identity Register.
- নিবন্ধন শুরু হয়– ১ জুলাই, ২০২১।
- অবৈধ ফোন বন্ধ হয়ে যায়– ১ অক্টোবর, ২০২১।

বাংলা বর্ষপুঞ্জির পরিবর্তন

- গ্রেগরিয়া ক্যালেন্ডারের সাথে সমন্বয় করে বাংলা ক্যালেন্ডার একই করা হয়– ২০১৯ সালে
- বাংলা সনের প্রবর্তন করেন - সম্রাট আকবর (১৫৫৬ সালে)।
- বাংলা প্রথম ৬ মাস ৩১ দিনে - বৈশাখ, জ্যৈষ্ঠ, আষাঢ়, শ্রাবণ, ভাদ্র ও আশ্বিন।
- বাংলা ৩০ দিনে মাস ৫টি- (কার্তিক, অগ্রহায়ণ, পৌষ, মাঘ ও চৈত্র)।
- ফাল্গুন মাস হবে- ২৯দিনে কিন্তু লিপইয়ারের বছর হবে- ৩০ দিনে।**

অর্থনীতি

- বিশ্ব ব্যাংক থেকে সবচেয়ে বেশি ঋণ গ্রহণ কারী দেশ – ভারত।
- বর্তমান বিশ্বে বৃহত্তম সাহায্যদাতা দেশ – যুক্তরাষ্ট্র।
- বৈদেশিক সাহায্য গ্রহণকারী শীর্ষ দেশ – আফগানিস্তান।

হাসান আজিজুল হক

- **পরিচিতি–** বাংলাদেশী প্রখ্যাত কথা সাহিত্যিক ও ছোট গল্পকার।
- **রচিত প্রথম উপন্যাস–** আগুন পাখি (২০০৬)
- **প্রকাশিত দ্বিতীয় উপন্যাস–** সাবিত্রী উপাখ্যান (২০১৩)
- **আগুন পাখি উপন্যাসটি–** ভারত বিভাগের" পটভূমিতে রচিত
- **সর্বশেষ উপন্যাস–** শামুক (২০১৫)
- **তিনি রজাশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ছিলেন–** দর্শন বিভাগের
- **তাঁর প্রথম গল্পগ্রন্থ–** "সমুদ্রের স্বপ্ন শীতের অরন্য" **এর প্রথম গল্প–** "শকুন"।
- **ছোটগল্প–** আত্মজা ও একটি করবী গাছ, নামহীন গোত্রহীন
- **অন্যান্য গ্রন্থ–** তৃষ্ণা, বিমর্ষ, রাত্রি, খাঁচা, মাটির তলার মাটি

অস্ট্রেলিয়ার ক্রিকেটার শেন ওয়ার্ন

- **জন্ম–** ১৩ সেপ্টেম্বর, ১৯৬৯ (ভিক্টোরিয়া ফার্নট্রি গুল্লি, অস্ট্রেলিয়া)।
- **মৃত্যু–** ৪ মার্চ, ২০২২ (হৃদরোগে আক্রান্ত হয়ে ৫২ বছর বয়সে)।
- **ডাকনাম–** কিং অব স্পিন, শেখ অব টুইক।
- **বোলিং ও ব্যাটিং ধরন ছিল–** ডান হাতি লেগ স্পিনার ও ডান হাতি ব্যাটার।
- **অস্ট্রেলিয়ার বিশ্বকাপ জয়ী দলের সদস্য ছিলেন–** ১৯৯৬ সালে
- **অস্ট্রেলিয়ার সর্বকালের সেরা স্পিনার বলা হয়–** শেন ওয়ার্নকে।
- **আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নেন–** ২০০৭ সালে।
- **সব ধরনের ক্রিকেট থেকে অবসর নেন–** ২০১৩ সাল।
- **শেন ওয়ার্নের টেস্টে উইকেট–** ৭০৮ টি
- **ওয়ানডেতে উইকেট লাভ করেন–** ২৯৩টি।
- **প্রথম IPL-এ তার নেতৃত্ব চ্যাম্পিয়ন হয়–** রাজস্থান রয়েলস।
- **গত শতাব্দীর সেরা বল বলা হয়–** মাইক গ্যাটিংকে আউট করা তার বলটিকে (১৯৯৩ সাল)।

সাইমন ড্রিং

- **মৃত্যু –** ১৬ জুলাই, ২০২১
- **সাংবাদিক ছিলেন–** বিবিসি, রয়টার্স, টেলিগ্রাফ, ওয়াশিংটন পোস্ট
- **সাইমন ড্রিং ঢাকায় আসেন–** ৬ মার্চ ১৯৭১ সালে
- **মুক্তিযুদ্ধে পাকিস্তানের বর্বরতার হত্যাকান্ডের খবর বহির্বিশ্বে প্রথম তুলে ধরেন–** সাইমন ড্রিং
- **১৯৭১ সালের ৩০ মার্চ The Daily Telegraph পত্রিকায় গণহত্যার খবর প্রকাশিত হয় যে শিরোনামে–** Tanks Crush Revolt in Pakistan
- **ইন্টারন্যাশনাল রিপোর্টার অব দ্যা ইয়ার- ১৯৭১ পুরস্কার পান–** সাইমন ড্রিং
- **বাংলাদেশ সরকার তাঁকে মুক্তিযুদ্ধের সম্মাননা দেন–** ২০১২ সালে

আলোচিত বাংলাদেশী ব্যক্তিবর্গ

ব্যক্তির নাম	বিশেষ তথ্য
১. ডা. মইনুউদ্দিন ***	করোনা ভাইরাসে মারা যাওয়া ১ম বাংলাদেশী চিকিৎসক।
২. ডা. সেঁজুতি সাহা ***	১ম বাংলাদেশী হিসেবে বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) পরামর্শক হিসেবে নিয়োগ পান।
৩. নাহিদা সোবহান	মধ্যপ্রাচ্যে ১ম বাংলাদেশী নারী রাষ্ট্রদূত। জর্ডানের রাষ্ট্রদূত হন।
৪. জয়া চাকমা ও সালমা আক্তার	বাংলাদেশের প্রথম দুই নারী ফিফা রেফারী। জয়া চাকমা (১ম), সালমা (২য়)
৫. রেহানা খান বিউটি	দেশের ১ম নারী পাবলিক প্রসিকিউটর।
৬. তাসমিমা হোসেন	জাতীয় দৈনিক পত্রিকার ১ম নারী সম্পাদক (দৈনিক ইত্তেফাক)।
৭. ডা. তাহমিদ আহমেদ	icddrb এর ১ম বাংলাদেশী প্রধান নির্বাহী।
৮. সাদাত রহমান	সাইবার বুলিং থেকে শিশুদের রক্ষায় কাজ করে আন্তর্জাতিক শিশু শান্তি পুরস্কার পেয়েছেন সাদাত রহমান। Kid's Rights সংগঠন প্রতিবছর নেদারল্যান্ডের হেগ'স থেকে এ পুরস্কার প্রদান করেন।

সার্বজনীন প্যারিস জলবায়ু চুক্তি ২০১৫

- **বিশ্বের এ যাবৎকালের সর্ববৃহৎ চুক্তি –** প্যারিস জলবায়ু চুক্তি।
- **চুক্তির মূলবক্তব্য হলো –** বৈশ্বিক তাপমাত্রা বৃদ্ধি হ্রাস ও কার্বন নিঃসরণ কমানোর জন্য দীর্ঘমেয়াদী পরিকল্পনা।
- **চুক্তি গৃহীত হয়–** ১২ ডিসেম্বর, ২০১৫ (ফ্রান্সের প্যারিসে)
- **চুক্তি স্বাক্ষরিত হয়–** ২২ এপ্রিল, ২০১৬ (উল্লেখ্য, ২২ এপ্রিল ধরিত্রী দিবস)
- **বাংলাদেশ চুক্তিতে স্বাক্ষর করে–** ২২ এপ্রিল, ২০১৬
- **চুক্তির স্বাক্ষরিত হয় –** নিউইয়র্কের জাতিসংঘের সদর দপ্তর।
- **প্যারিস জলবায়ু চুক্তির রূপরেখা প্রণয়ন হয় –** COP -21 এর মাধ্যমে।
- **চুক্তি কার্যকর -** ৪ নভেম্বর ২০১৬
- **চুক্তিতে স্বাক্ষর করে –** ১৯৫টি দেশ (UNFCCC ভুক্ত)
- **প্রথম স্বাক্ষরকারী দেশ –** ফ্রান্স, **সর্বশেষ স্বাক্ষরকারী –** চীন।
- **যুক্তরাষ্ট্র চুক্তি প্রত্যাহারের ঘোষণা দেয়–** ১ জুন, ২০১৭ প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প (যা কার্যকর হয়– ৪ নভেম্বর, ২০২০)
- **পুনরায় ফিরে আসার ঘোষণা দেয়–** ২০ জানুয়ারি, ২০২১ (জো বাইডেন)
- **যুক্তরাষ্ট্র আনুষ্ঠানিকভাবে প্যারিস চুক্তিতে প্রত্যাবর্তন করে–** ১৯ ফেব্রুয়ারি, ২০২১***

ইরানের সাথে ৬ জাতির পরমাণু চুক্তি **

- **ইরানের পরমাণু চুক্তি থেকে বেরিয়ে যাওয়ার ঘোষণা –** ৮ মে, ২০১৯।
- **ঐতিহাসিক পরমাণু চুক্তি স্বাক্ষরিত হয়েছিল –** ১৪ জুলাই, ২০১৫।
- **পরমাণু চুক্তি স্বাক্ষরের স্থান –** অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায়।
- **চুক্তি হয় –** জাতিসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী ৫টি সদস্য (যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, রাশিয়া, চীন) ও জার্মানির সাথে ইরানের যা P5 + 1 নামে পরিচিত।
- **আনুষ্ঠানিকভাবে স্বাক্ষরিত চুক্তি পরিচিত –** Joint Comprehensive Plan of Action (JCPOA)
- **P5 + 1 চুক্তি আমেরিকা প্রত্যাহার করে –** ৮ মে, ২০১৮।

অতি গুরুত্বপূর্ণ সাম্প্রতিক

- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ফিলোসফি পলিটিক্স এন্ড পলিসিস" গ্রন্থটির লেখক– রওনক জাহান ও রেহমান সোবহান
- রেহমান সোবহান এর আত্মজীবনেরমূলক বই– অশান্ত সময়ের অনুস্মৃতি আলো থেকে অন্ধকার
- বর্তমানে দক্ষিণ এশিয়ার "ক্লাসিক টুইন ডেফিসিট ইকোনমি যে দেশটির– শ্রীলংকা
- ৪-১৪ ফেব্রুয়ারি, ২০২২ সালে ২৪তম শীতকালীন অলিম্পিক গেমস পদকে শীর্ষ দেশ– নরওয়ে (৩৭টি পদক)
- ইংরেজি দৈনিক পত্রিকা "দ্য ইনডিপেনডেন্ট" বন্ধ হয়ে যায়– ৩০ জানুয়ারি, ২০২২
- ১৭ ফেব্রুয়ারি ২০২২ খ্রো ভাষার প্রথম ব্যাকরণ বইয়ের মোড়ক উন্মোচন করেন– ততোং (ইয়াংঙান খ্রো)
- জলবায়ু ও দুর্যোগ ঝুঁকি মানচিত্র অনুযায়ী– খরাপ্রবণ ১৩টি, ভূমিকম্প ৩টি, খরার সঙ্গে আকস্মিক বন্যা ৩টি, আকস্মিক বন্যা ও ভূমিকম্প ৬টি
- ২০২২ সালের ৭ এপ্রিল বিশ্ব স্বাস্থ্য দিবসের প্রতিপাদ্য– সুরক্ষিত বিশ্ব, নিশ্চিত স্বাস্থ্য
- একমাত্র দল হিসেবে ফুটবল বিশ্বকাপে সবকটি বিশ্বকাপ খেলেছে– ব্রাজিল
- লিথুনিয়ার বর্তমান প্রেসিডেন্ট– গিনাতসা নসেদা
- বিষু উৎসবটি পার্বত্য চট্টগ্রামের যে সম্প্রদায় পালন করে– তঞ্চঙ্গা।
- মাস্টার কার্ডের মাধ্যমে দেশে প্রথম কন্ট্যাক্টলেস ইসলামী ডেবিট ও প্রিপেইড কার্ড চালু করে– আল আরাফাহ ইসলামী ব্যাংক।
- বাংলাদেশে বর্তমান ব্যাংক হার– ৪%
- বিশ্বের সবচেয়ে বড় কার্গো বিমানের নাম– আন্তোনভ আন–২২৫ মিয়া
- আন্তর্জাতিক মহাকাশ স্টেশন প্রথম বারের সম্পূর্ণভাবে বেসরকারি মিশন পরিচালনা করছে– অক্সিওম স্পেস
- ২০২১ সালে বিশ্বের সর্বশেষ প্রজাতন্ত্র ঘোষণা করে– বার্বাডোস
- আন্তর্জাতিক নৌ-প্রটোকলভুক্ত রুট বাগেরহাটের মংলা ঘষিয়াখালী নৌ-চ্যানেল এর বর্তমান নাম– বঙ্গবন্ধু মংলা ঘষিয়াখালী ক্যানেল
- ২০২০ সালে বাংলাদেশে বিনিয়োগ হয়– ২৫৬৪ মিলিয়ন মার্কিন ডলার
- ২০২২ সালে বাংলাদেশ বিশ্বে বিনিয়োগ করে– ১২ মিলিয়ন মার্কিন ডলার
- ভারতের অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ নিজস্ব ডিজিটাল মুদ্রা চালু করে– ১ ফেব্রুয়ারি ২০২২
- ভারতের জম্মু কাশ্মীরে দৃশ্যমান হলো বিশ্বের সর্বোচ্চ রেল সেতু– Chenab Rail Bridge
- ২৫ জানুয়ারি, ২০২২ কূটনৈতিক সম্পর্ক স্থাপন করে– সৌদি আরব ও থাইল্যান্ড
- বঙ্গবন্ধু সামরিক জাদুঘর অবস্থিত– বিজয় সরনি, ঢাকা
- বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণকে কেন্দ্র করে সরকারি অনুদানে নির্মিত শিশুতোষ চলচ্চিত্র – মাইক (পরিচালক- এফ এম শাহীন ও হাসান জাফরুল বিপুল)
- বলিউডে বঙ্গবন্ধুর জীবনী নিয়ে নির্মিতব্য চলচ্চিত্র 'ব্যাটল ফর বেঙ্গল' এর পরিচালক– রিচি মেহতা
- সর্বসম্মতিক্রমে জাতিসংঘ সামাজিক উন্নয়ন কমিশন এর সদস্য নির্বাচিত হয়েছে– বাংলাদেশ (২০২৩ থেকে ২০২৭)
- রাশিয়া ইউক্রেন যুদ্ধে সবচেয়ে বেশি মানবিক বিপর্যয়ের শিকার– ইউক্রেনের মারিউপোলের বাসিন্দারা
- রাশিয়ার তৈরি নতুন শক্তিশালী ক্ষেপনাস্ত্র– সারমাত
- উইজডেনের বর্ষসেরা ক্রিকেটার নির্বাচিত হলেন– ইংল্যান্ডের জো রুট
- ভারতের ঘোষিত বাজেটে বাংলাদেশের জন্য বরাদ্দ– ৩০০ কোটি রুপি
- বাংলাদেশের তৈরি প্রথম রকেট– ধুমকেতু
- UNDP এর শুভেচ্ছাদূত– জয়া আহসান
- সম্প্রতি হাইপারসনিক অস্ত্র নিয়ে কাজ করার প্রতিশ্রুতিতে সমঝোতায় এসেছে তিনটি দেশ– যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও অস্ট্রেলিয়া
- যুক্তরাজ্যভিত্তিক গ্লোবাল ব্র্যান্ডস ম্যাগাজিনে এর ২০২২ সালের ফিনটেক পারসোনালিটি অব দ্য ইয়ার পুরস্কার লাভ করেন– তানভীর এ মিশুক (নগদ এর প্রতিষ্ঠাতা)
- বঙ্গবন্ধু BPL ২০২২ আসরে ১ রানে বরিশালকে হারিয়ে চ্যাম্পিয়ান হয় – কুমিল্লা ভিক্টোরিয়ান্স
- আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উদ্দেশ্যে মারমা ভাষার উপর নির্মিত প্রথম চলচ্চিত্র – গিরিকন্যা
- বাংলাদেশে প্রথমবারের মতো সফলভাবে মানুষের দেহে প্রতিস্থাপন করা হয়– মেকানিক্যাল হার্ট
- মুক্তিযুদ্ধের উপর নির্মিত প্রামাণ্যচিত্র "Bangladesh Liberation War-1971" এর পরিচালক– তানভীর মোকাম্মেল
- ২০২২ সালে জিডিপির ভিত্তিতে বাংলাদেশ যত অর্থনীতির দেশ– ৪২তম (২০২১ সালে ৪১তম ছিল)
- পুরুষ টেনিসের ইতিহাসে সর্বোচ্চ সংখ্যক ২১তম গ্র্যান্ডস্লাম শিরোপা জয় করেন– রাফায়েল নাদাল।
- ডি-৮ এর বর্তমান সভাপতি– প্রধানমন্ত্রী শেখ হাসিনা
- ২০২২ সালে OIC পররাষ্ট্রমন্ত্রী ৪৮তম সম্মেলন হয়– ইসলামাবাদ, পাকিস্তান।
- ২০২৩ সালে মধ্যে মধ্যপ্রাচ্যে ড্রোন বাহিনী তৈরি করবে –যুক্তরাষ্ট্র।
- UNCTAD'র উপদেষ্টা পরিষদের সদস্য হন– ড. ফাহমিদা খাতুন।
- MIGA এর ভাইস প্রেসিডেন্ট পদে নিয়োগ পান– বাংলাদেশি নাগরিক জুনায়েদ কামাল আহমদ।
- আন্তর্জাতিক সাহসী নারী পুরস্কার লাভ করেন – বেলা এর প্রধান নির্বাহী সৈয়দ রিজওয়ানা হাসান।
- দেশের প্রথম আন্তর্জাতিক ক্রীড়া কমপ্লেক্স "শেখ কামাল আন্তর্জাতিতক ক্রীড়া কমপ্লেক্স" নির্মিত হচ্ছে– কক্সবাজার।
- পদ্মা সেতুতে গ্যাস লাইন স্থাপন সম্পন্ন হয়– ৮ মার্চ ২০২২।
- পানি দিয়ে গ্যাসপাইপ লাইনের হাইড্রোলিক পরীক্ষা করা হয়– ১৫ মার্চ, ২০২২।
- গ্রামীণফোন দেশে প্রথমবারের মতো ই-সিম Embedded SIM) চালু করে– ৭ মার্চ, ২০২২।
- বাংলাদেশে প্রথমবারের মতো চালু হয় ভার্চুয়াল জাদুঘর– ২৮ ফেব্রুয়ারি, ২০২২।
- ২৮ ফেব্রুয়ারি– ২ মার্চ, ২০২২ সালে প্লাস্টিক বর্জ্য নিয়ে ঐতিহাসিক চুক্তিতে ১৭৫টি দেশের প্রতিনিধিরা বৈঠক করেন– কেনিয়ার রাজধানী নাইরোবিতে।
- ১৮ মার্চ, ২০২২ তুরস্কে অবস্থিত দার্দানেলিস প্রণালিতে বিশ্বের সর্ববৃহৎ ঝুলন্ত সেতু দীর্ঘ একটি সেতু উদ্বোধন করে যার দৈর্ঘ্য – ৪.৬ কিমি।
- ৭ মার্চ, ২০২২ সালে অস্ট্রেলিয়ার পূর্বাঞ্চলের পারমাণবিক সাবমেরিন ঘাঁটি নির্মাণের ঘোষণা দেন– অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী স্কট মরিসন।
- ২০৫০ সালে বিশ্বের বৃহত্তম হাইব্রিড বিদ্যুৎ প্রকল্প নির্মাণ করতে যাচ্ছে– থাইল্যান্ড।
- "মাদার অব অল বোম্বস তৈরি করে– যুক্তরাষ্ট্র।
- ফাদার অব অল বোম্বস তৈরি করে– রাশিয়া।
- আফ্রিকান ইউনিয়নের বর্তমান প্রধান দক্ষিণ আফ্রিকার– ম্যাকি সাল।
- ইউনিসেফের বর্তমান প্রধান যুক্তরাষ্ট্রের– ক্যাথরিন এম রাসেল।
- ইউরোপীয় ইউনিয়নের বর্তমান প্রধান– জার্মানির উরসুলা ভন ডার লেন।
- NAM এর বর্তমান চেয়ারম্যান– আজারবাইজানের ইলহাম আলিয়েভ।
- গ্রাউড বয়েজ– যুক্তরাষ্ট্রের শ্বেতাঙ্গ আধিপত্যবাদীদের সংগঠন।
- দেশের ৬৪ জেলায় একযোগে যতজন নারী বীর মুক্তিযোদ্ধাদের সম্মাননা প্রদান করা হয়– ৬৫৪ জনকে।
- বাংলাদেশ ব্যাংকের বর্তমান প্রধান অর্থনীতিবিদ– মো. হাবিবুর রহমান।
- দেশে বর্তমানে সরকারি গণগ্রন্থাগারের সংখ্যা– ৭১টি।
- দেশের কম বায়ু দূষিত জেলা– মাদারীপুর (শীর্ষ দূষিত জেলা– গাজীপুর)।
- সম্প্রতি 'জাতীয় পুলিশ ডে' ঘোষিত হয়– ১ মার্চ।
- E-Gate এবং E-Passport ব্যবহারে বাংলাদেশ দক্ষিণ এশিয়ায়– প্রথম
- রিবা পুরস্কারপ্রাপ্ত সাতক্ষীরার শ্যামনগরে অবস্থিত 'ফ্রেন্ডশিপ হাসপাতাল'কে সহায়তা প্রদান করে– লুক্সেমবার্গ।

বঙ্গ (Vanga)	♦ অবস্থান– বৃহত্তর ঢাকা, ময়মনসিংহ, ফরিদপুর, বরিশাল অঞ্চল ♦ বিশেষ তথ্য: বাংলার সবচেয়ে বৃহত্তম জনপদ– বঙ্গ
সমতট (Samatata)	♦ অবস্থান– বৃহত্তম কুমিল্লা ও নোয়াখালী ♦ রাজধানী ছিল - বড় কামতা (পূর্ব নাম– রোহিতগিরি) ♦ ৭ম শতকে হিউয়েন সাং এ জনপদ ভ্রমণ করেন।
হরিকেল (Harikela)	♦ অবস্থান– সিলেট, চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম ♦ বিশেষত্ব ঃ সর্বপূর্ব দিকের জনপদ
বরেন্দ্র (Varendra)	♦ অবস্থান– উত্তরবঙ্গ (গঙ্গা ও করতোয়া নদীর মধ্যবর্তী অঞ্চল) ♦ এ জনপদের নামে বাংলাদেশের ১ম জাদুঘর বরেন্দ্র রিসার্চ যাদুঘর ১৯১০ সালে রাজশাহীতে প্রতিষ্ঠা করা হয়।
গৌড় (Gour)	♦ অবস্থান-চাঁপাইনবাবগঞ্জ, মুর্শিদাবাদ, মালদহ, বিহার উড়িষ্যা। ♦ রাজধানী ছিল: কর্ণসুবর্ণ (মুর্শিদাবাদ) ♦ বাংলাদেশের একমাত্র জেলা চাঁপাইনবাবগঞ্জ এ জনপদের অন্তর্ভুক্ত। ♦ গৌড়ের প্রথম ধারণা পাওয়া যায় প্রাচীন কালের বৈয়াকরণিক– পাণিনির গ্রন্থে।
রাঢ় (Radha)	♦ অবস্থান-ভাগীরথী নদীর পশ্চিমতীর ♦ অপর নাম ছিল – সূক্ষ্ম ♦ রাজধানী– কোটিবর্ষ। (বর্তমানে অবস্থান পশ্চিমবঙ্গের দক্ষিণ দিনাজপুর।)

প্রাচীনতম নগরসমূহ (অত্যন্ত গুরুত্বপূর্ণ)

স্থানের নাম	বিশেষ তথ্য
পাহাড়পুর	– একক বৃহত্তম বৌদ্ধ বিহার। – পূর্বনাম সোমপুর বিহার – নির্মাতা – ধর্মপাল – পাল যুগের বৌদ্ধ সভ্যতার নিদর্শন। – নওগাঁ জেলার আত্রাই নদীর তীরে অবস্থিত
ময়নামতি	– দেশের ১ম প্রত্নতাত্ত্বিক জাদুঘর (১৯৫৫) – পূর্বনাম রোহিতগিরি – বর্তমান শালবন বিহার নামে পরিচিতি। – নির্মাতা দেবপাল – পাল যুগের দেব বংশীয় নিদর্শন। – বৌদ্ধ সভ্যতার স্মৃতি নির্দশন। – কুমিল্লা জেলার কোটবাড়ীতে অবস্থিত।

বাংলায় ভ্রমণকারী বিদেশী পর্যটক

নাম	দেশ	সময়	শাসক	গ্রন্থ
মেগাস্থিনিস	গ্রীক দূত	খ্রিস্টপূর্ব ৩০২	চন্দ্রগুপ্ত মৌর্য	ইন্ডিকা
ফা হিয়েন	চীনা ১ম পর্যটক	৩৮০- ৪১৪ খ্রি.	২য় চন্দ্রগুপ্তের	ফো কুয়ো কিং
হিউয়েন সাং	চীন (৭ম শতকে)	৬৩০-৬৪৪ খ্রি.	হর্ষবর্ধন	সিদ্ধি
মা হুয়ান	চীন	১৪০৫-১৪৩৩খ্রি.	গিয়াসউদ্দিন আজম শাহ	ইং ইয়াই শেংলান
ইবনে বতুতা	মরক্কো	১৩৩৩ খ্রিস্টাব্দ	(ভারতে) মোহাম্মদ বিন তুঘলক	কিতাবুল রেহলা
ইবনে বতুতা	মরক্কো	১৩৪৫-৪৬ খ্রিস্টাব্দ	(বাংলায়) ফকরুদ্দীন মোবারক শাহ	কিতাবুল রেহলা

- ইতালির বিখ্যাত যে পর্যটক ইতালি থেকে চীনে আসেন– মার্কোপোলো
- ইংল্যান্ডের রালফ ফিচ বাংলায় আসেন– ২ বার (১৫৮৪ ও ১৫৮৮)
- গংজেন যার সহযোগী ছিলেন– মা হুয়ানের

প্রাচীন রাজবংশ

মৌর্য বংশ (খ্রিস্টপূর্ব ৩২১ – ১৮৫)

প্রতিষ্ঠাতা	চন্দ্রগুপ্ত মৌর্য (বাংলার ১ম সম্রাট)
শ্রেষ্ঠ শাসক	সম্রাট অশোক
শেষ শাসক	বৃহদ্রথ
রাজধানী	পাটালীপুত্র

- প্রাচীন ভারতের প্রথম রাজবংশ– মৌর্য বংশ
- কৌনজের রাজা নন্দকে পরাজিত করে মৌর্য সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন– চন্দ্রগুপ্ত মৌর্য।
- ২৬১ খ্রিস্টপূর্বে অব্দে কলিঙ্গ যুদ্ধের ভয়াবহতা দেখে বৌদ্ধ ধর্ম গ্রহণ করেন– সম্রাট অশোক।
- প্রাচীন ভারতে বৌদ্ধ ধর্মকে বিশ্ব ধর্মে রুপান্তরিত করেন – সম্রাট অশোক
- বৌদ্ধ ধর্মের কনস্ট্যানটাইন বলা হয়– সম্রাট অশোককে।
- চন্দ্র গুপ্ত মৌর্যের প্রধানমন্ত্রী ছিল– চাণক্য বা কৌটিল্য (তাঁর গ্রন্থ– অর্থশাস্ত্র)
- তিব্বতের রাজার অনুরোধে বৌদ্ধ ধর্মকে দুর্নীতিমুক্ত করতে সেখানে যান– মুন্সিগঞ্জের অতীশ দীপংকর (জন্ম – বজ্রযোগিনী গ্রামে)।
- পুন্ড্র বর্ধন/মহাস্থানগড়ের রাজধানী স্থাপন করেন– সম্রাট অশোক।
- মৌর্য যুগের গুপ্তচরদের বলা হতো– সঞ্চারা

চাণক্য

- জন্ম– খ্রিস্টপূর্ব ৩৭০ অব্দে এবং মৃত্যু– খ্রিস্টপূর্ব ২৮৩ অব্দে
- প্রাচীন ভারতীয় অর্থনীতিবিদ, দার্শনিক ও রাজ উপদেষ্টা হিসেবে পরিচিত– চাণক্য
- চাণক্যের উপাধি– কৌটিল্য বা বিষ্ণুগুপ্ত
- রাষ্ট্রবিজ্ঞান বিষয়ক বিখ্যাত গ্রন্থ– অর্থশাস্ত্র (১৫ খণ্ডের বই), চাণক্যনীতি
- রাষ্ট্রবিজ্ঞানে পাণ্ডিত্যের জন্য ভারতের মেকিয়াভেলি বলা হয়– চাণক্যকে
- চাণক্য অর্থনীতি ও রাষ্ট্রবিজ্ঞানের অধ্যাপনা করেছেন– তক্ষশীলা বিশ্ববিদ্যালয়
- উপদেষ্টা ছিলেন– চন্দ্রগুপ্ত মৌর্য ও বিন্দুসার

গুপ্ত বংশ

প্রতিষ্ঠাতা	১ম চন্দ্রগুপ্ত
শ্রেষ্ঠ শাসক	সমুদ্র গুপ্ত
শেষ শাসক	২য় চন্দ্রগুপ্ত
রাজধানী	পাটালীপুত্র

- কাব্য রচনার জন্য কথিরাজ উপাধি পান– সমুদ্রগুপ্ত
- প্রাচীন ভারতের নেপোলিয়ন বলা হয় – সমুদ্রগুপ্তকে
- চীনা ১ম পর্যটক ফা হিয়েন যার শাসনামলে বাংলাতে আসেন– ২য় চন্দ্রগুপ্তের সময়
- ২য় চন্দ্রগুপ্তের উপাধি – বিক্রমাদিত্য, বীরবিক্রম, সিংহবীর।
- গুপ্ত যুগের বিখ্যাত কবি "কালিদাসের" মহাকাব্য হলো – মেঘদূত।
- প্রাচীনকালে সাহিত্যের স্বর্ণযুগ বলা হয়– গুপ্ত যুগকে।
- চতুরঙ্গ বা দাবা খেলার প্রচলন হয়– গুপ্ত যুগে
- গুপ্ত যুগের গুণী ব্যক্তি ও প্রতিভাবানদের প্রধান ৯ জনকে বলা হতো– নবরত্ন
- কালীদাস, অমর সিংহ, বরাহ মিহির বিখ্যাত সাহিত্যিক ছিলেন– গুপ্তযুগের
- সংস্কৃত ভাষার শ্রেষ্ঠ কবি ও নাট্যকার ছিলেন– মহাকবি কালিদাস

- **অভিজ্ঞান শকুন্তল নাটক, রঘু বংশ ও কুমার সম্ভব মহাকাব্য রচনা করেন–** কালিদাস
- **সংস্কৃত কবি, ব্যাকরণবিদ এবং প্রাচীন ভারতের শ্রেষ্ঠ অভিধান প্রণেতা–** অমরসিংহ
- **বিখ্যাত অভিধান 'অমরকোষ' এর লেখক–** অমরসিংহ
- **বরাহ মিহির প্রাচীন কালে বিখ্যাত ছিলেন–** জ্যোর্তিবিদ
- **বরাহ মিহিরের বিখ্যাত গ্রন্থ–** বৃহৎ সংহিতা
- **ভারত বর্ষের গুপ্ত যুগের ভাস্কর্যকে বলা হতো–** ধ্রুপদী
- **রাজা কনিষ্ক যে বংশের শাসক ছিলেন–** কুষাণ
- **ঔষধী ব্যবস্থা আয়ুর্বেদ বিষয়ক 'চরক সংহিতা' গ্রন্থের লেখক–** চরক
- **কুষাণ সম্রাট প্রথম কনিষ্কের আয়ুর্বেদ চিকিৎসক ছিলেন–** চরক

গৌড় রাজ্য

- **গৌড় বংশের শক্তিশালী ও স্বাধীন রাজা –** শশাঙ্ক।
- **বাংলার প্রথম স্বাধীন রাজা বা সম্রাট–** শশাঙ্ক
- **স্বাধীন গৌড় রাজ্যের প্রতিষ্ঠাতা –** শশাঙ্ক (৬০৬-৬৩৭ খ্রিঃ)।
- **শশাঙ্কের উপাধি –** মহাসামন্ত, রাজাধিরাজ, গৌড়েশ্বর, গৌড়রাজ।
- **শশাঙ্কের রাজধানী ছিল –** কর্ণসুবর্ণ (মুর্শিদাবাদ)।
- **শশাঙ্কের মৃত্যুর পর বাংলায় দেখা দেয়-** মাৎস্যন্যায়।
- **বঙ্গাব্দ চালু করেন –** শশাঙ্ক (৫৯৩ খ্রিস্টাব্দে)।
- **শশাঙ্ক ও মাৎস্যন্যায় সম্পর্কে গ্রন্থ লিখেন–** তিব্বতীয় লেখক লামা তারানাথ
- **গৌড়ের কথা প্রথম পাওয়া যায়-** ইতিহাসবিদ ও বৈয়াকরণিক পাণিনির গ্রন্থে
- **গুপ্ত রাজাদের অধীনে বড় কোন অঞ্চলের শাসন কর্তাকে বলা হতো–** মহাসামন্ত
- **শশাঙ্ক ছিলেন গুপ্ত রাজা মহা সেন গুপ্তের –** একজন সামন্ত

মাৎস্যন্যায় (৬৩৭-৭৫০ খ্রিঃ)

- **অর্থ–** আইনশৃঙ্খলার অবনতি, অরাজকতাপূর্ণ অবস্থা, বিশৃঙ্খলতা।
- **সময়কাল–** ৭ম-৮ম শতক (প্রায় ১০০ বছর)।
- **মাৎস্যন্যায়ের সূচনা হয় –** শশাঙ্কের মৃত্যুর পর।
- **অবসান ঘটে–** রাজা গোপালের পাল বংশের প্রতিষ্ঠার মাধ্যমে।
- **মাৎস্যন্যায় ঘটে–** তন্ত্রপাল শাসনামলে

হর্ষবর্ধন

- **সিংহাসনে আরোহন করেন –** ৬০৬ খ্রিঃ (শশাঙ্কের সমসাময়িক শাসক ছিলেন), **রাজধানী ছিল –** কনৌজে
- **হর্ষবর্ধনের সভাকবি –** বানভট্ট
- **হর্ষবর্ধনের জীবনীমূলক গ্রন্থ 'হর্ষচরিত' এর লেখক–** বানভট্ট
- **পৃথিবীর সবচেয়ে প্রাচীন বিশ্ববিদ্যালয়–** নালন্দা বিশ্ববিদ্যালয়ের, বিহার
- **৭ম শতকের নালন্দা বিশ্ববিদ্যালয়ের সর্বধ্যক্ষের পদ অলংকৃত করেন –** শীলভদ্র, তাঁর ছাত্র ছিলেন – চীনের পরিব্রাজক হিউয়েন সাং।

পাল বংশ

প্রতিষ্ঠাতা	রাজা গোপাল (৭৫০ খ্রিস্টাব্দ)
শ্রেষ্ঠ শাসক	ধর্মপাল
শেষ শাসক	মদন পাল

- **বাংলা সাহিত্যের আদি নিদর্শন 'চর্যাপদ' রচিত হয়–** পাল আমলে।
- **পাল রাজারা ছিল-**দেশীয় শাসক (ধর্ম ছিল– বৌদ্ধ)।
- **বাংলার দীর্ঘস্থায়ী ও বংশানুক্রমিক শাসন প্রতিষ্ঠা করেন –** পাল রাজারা (প্রায় চারশত বছর)
- **নওগাঁ জেলার পাহাড়পুরের সোমপুর বিহারের প্রতিষ্ঠাতা –** ধর্মপাল।
- দিনাজপুরে "রামসাগর দিঘি" খনন করেন – রামপাল।
- **রামপালের আত্মজীবনীমূলক ইতিহাস গ্রন্থ–** রামচরিত (লেখক সন্ধ্যাকর নন্দী)

Note: **শেষ শাসক মদন পাল না থাকলে দিবো–** রাম পাল

সেন বংশ

প্রতিষ্ঠাতা	হেমন্ত সেন
শ্রেষ্ঠ শাসক	বিজয় সেন
শেষ শাসক	লক্ষণ সেন (উপাধি-গৌড়েশ্বর)
লক্ষণ সেনের রাজধানী ছিল	নদীয়া বা নবদ্বীপ

- **কৌলিন্য প্রথার প্রচলন করেন–** বল্লাল সেন।
- **ঢাকেশ্বরী মন্দিরের প্রতিষ্ঠাতা–** বল্লাল সেন।
- **সেনদের ধর্ম ছিল–** হিন্দু ধর্ম
- **সেনরা আসেন –** দক্ষিণ ভারতের কর্ণাটক থেকে
- **দানসাগর, অদ্ভুত সাগর রচনা করেন –** বল্লাল সেন
- **দানসাগর, অদ্ভুত সাগর সমাপ্ত করেন–** লক্ষ্মণ সেন

Note: ১২০৪ সালে লক্ষ্মণ সেন বখতিয়ার খিলজির নিকট পরাজিত হলে পালিয়ে বিক্রমপুরে আশ্রয় নেয় এবং এখানে কিছু দিন শাসন করেন। সর্বশেষ ১২৩০ সাল পর্যন্ত কেশব সেন শাসন করেন। তবে ইতিহাসবিদদের মতে স্বীকৃত শেষ শাসক লক্ষ্মণ সেন।

বিভিন্ন গ্রন্থ ও ধর্ম গ্রন্থ

ইসলাম ধর্ম গ্রন্থ	আল-কুরআন
আর্যদের আদি গ্রন্থ	বেদ
হিন্দু	বেদ, রামায়ণ ও মহাভারত
আল বেরুনী	কিতাবুল হিন্দ
কলহন	রাজতরঙ্গিনী
আবুল ফজল	আইন-ই-আকবরী
বৌদ্ধ ধর্ম গ্রন্থ	ত্রিপিটক
খ্রিস্টান ধর্ম গ্রন্থ	বাইবেল
ফেরদৌসি	শাহানামা
বাল্মিকী	রামায়ণ
মিনহাজ উস সিরাজ	তবকাত-ই-নাসিরী
গোলাম হোসেন সলিম	রিয়াজ আস সালাতিন (ঐতিহাসিক গ্রন্থ)

মুসলিম শাসন

- **ভারতবর্ষে মুসলিম শাসন আসে মুহাম্মদ বিন কাসিমের নেতৃত্বে–** ৭১২ খ্রিস্টাব্দে
- **মুহাম্মদ বিন কাসিম আক্রমণ করেন–** মুলতান ও সিন্ধু
- **এ সময় সিন্ধু ও মুলতানের শাসক ছিল –** রাজা দাহির
- **ইরাকের গভর্নর হাজ্জাজ বিন ইউসুফের জামাতা ছিল –** মুহাম্মদ বিন কাসিম
- **সুলতান মাহমুদ ১০০০ থেকে ১০২৭ সাল পর্যন্ত –** মোট ১৭ বার ভারত বর্ষ আক্রমণ করেন।
- **সুলতান মাহমুদ গুজরাটের সোমনাথ মন্দির ধ্বংস করেন–** ১০২৬ সালে
- **সুলতান মাহমুদ ভারত বর্ষ আক্রমণ করে –** ধন-সম্পদ লুট করেছেন কিন্তু মুসলিম শাসন প্রতিষ্ঠা করেননি।
- **মুসলিম বীর "তারিক বিন জিহাদ" স্পেনের রাজা রডারিক-কে পরাজিত করে স্পেন জয় করেন–** ৭১২ সালে
- **১১৯১ সালে ১ম তরাইনের যুদ্ধ হয় –** মুহাম্মদ ঘুরি ও পৃথ্বী রাজের মধ্যে। এ যুদ্ধে পরাজিত হয়– মুহাম্মদ ঘুরি।
- **১১৯২ সালে ২য় তরাইনের যুদ্ধে মুহাম্মদ ঘুরি পৃথ্বী রাজকে পরাজিত করে –** ভারতে মুসলিম শাসন প্রতিষ্ঠা করেন।
- **বাংলায় মুসলিম শাসন আসে বখতিয়ার খলজীর হাত ধরে–** ১২০৪
- **সেন বংশের শেষ শাসক লক্ষণ সেনকে পরাজিত করে মুসলিম সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন–** বখতিয়ার খিলজি

দিল্লীর স্বাধীন সুলতানী শাসন (সালতানাত)

দিল্লীর স্বাধীন সালতানাত প্রতিষ্ঠিত হয়	১২০৬ সালে
দিল্লীর স্বাধীন সালতানাতের পতন ঘটে	১৫২৬ সালে
দিল্লীর স্বাধীন সালতানাত টিকেছিল	মোট ৩২০ বছর
প্রতিষ্ঠাতা	কুতুবউদ্দীন আইবেক
প্রকৃত প্রতিষ্ঠাতা	ইলতুৎমিশ
একমাত্র মহিলা সুলতান	সুলতানা রাজিয়া
শেষ শাসক	ইব্রাহীম লোদী
রাজধানী	দিল্লী

- **১৫২৬ সালে প্রথম পানি পথের যুদ্ধে লোদি বংশের শেষ শাসক ইব্রাহিম লোদি পরাজিত হলে** – বাবর মোঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠা করেন
- **দাশ বংশের প্রতিষ্ঠাতা–** কুতুবউদ্দিন আইবেক
- **দিল্লীর কুতুব মিনার নির্মাণ করেন–** কুতুবউদ্দিন আইবেক
- **দিল্লীর লাখ বক্স বলা হয়–** কুতুবউদ্দিন আইবেকে
- **দ্রব্যমূল্যের মূল্য নির্ধারণ করেন– আলাউদ্দিন খিলজি**

বাংলার স্বাধীন সুলতানী শাসন

বাংলার স্বাধীন সুলতানী শাসন প্রতিষ্ঠিত হয়	১৩৩৮ সালে
বাংলার স্বাধীন সুলতানী শাসনের পতন ঘটে	১৫৩৮ সালে
বাংলার স্বাধীন সুলতানী শাসন টিকে ছিল	মোট ২০০ বছর
প্রতিষ্ঠাতা	ফখরুদ্দিন মোবারক শাহ্
প্রকৃত প্রতিষ্ঠাতা	শামসুদ্দিন ইলিয়াস শাহ্
শ্রেষ্ঠ শাসক	আলাউদ্দিন হোসেন শাহ্
শেষ শাসক	গিয়াসউদ্দিন মাহমুদ শাহ্
রাজধানী	সোনারগাঁও ও গৌড়

- **বাংলার সবগুলো জনপদকে একত্রিত করে 'বাঙালাহ' নাম দেন–** শামসুদ্দিন ইলিয়াস শাহ
- **শামসুদ্দিন ইলিয়াশ শাহ এর উপাধি–** শাহ-এ- বাঙাল
- **'ইলিয়াস শাহী' বংশের প্রতিষ্ঠাতা–** শামসুদ্দিন ইলিয়াস শাহ
- **'হোসেন শাহী' বংশের প্রতিষ্ঠাতা–** আলাউদ্দিন হোসেন শাহ (১৪৯৮-১৫১৯)
- **সুলতানী শাসনামলে যার শাসনকালকে 'স্বর্ণযুগ' বলা হয়েছে** – আলাউদ্দিন হোসেন শাহ
- **বাংলার আকবর বলা হয়** – আলাউদ্দীন হোসেন শাহকে
- **পারস্যের কবি হাফিজের সাথে পত্র আদান প্রদান করেন–** গিয়াসউদ্দীন আযম শাহকে

পানি পথের যুদ্ধ

- **এ পর্যন্ত পানি পথের যুদ্ধ হয়–** ৩ টি।
- **পানিপথ নামক স্থানটি অবস্থিত** – ভারতের হরিয়ানা প্রদেশে যমুনা নদীর তীরে, **পানিপথ–** একটি গ্রামের নাম

যুদ্ধ	সাল	পক্ষ-বিপক্ষ	ফলাফল
১ম যুদ্ধ	১৫২৬	বাবর– ইব্রাহিম লোদী (জয়ী– বাবর)	ভারতবর্ষে মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠা, প্রথম কামানের ব্যবহার করেন বাবার
২য় যুদ্ধ	১৫৫৬	বৈরাম খাঁ-হিমু (জয়ী– বৈরাম খাঁ)	দিল্লী উদ্ধার
৩য় যুদ্ধ	১৭৬১	দুরানী সাম্রাজ্য ও মারাঠা (দুরানীদের জয় হয়)	দুরানী সাম্রাজ্যের বিস্তার

- **পানি পথের তৃতীয় যুদ্ধের উপর লিখিত নাটক** – রক্তাক্ত প্রান্তর (মুনীর চৌধুরী)।
- **পানি পথের তৃতীয় যুদ্ধের উপর লিখিত মহাকাব্য–** মহাশশ্মান (কায়কোবাদ)।

মুঘল শাসন (১৫২৬–১৮৫৭)

- **ভারতবর্ষে মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা ও প্রথম শাসক–** জহিরউদ্দীন মোহাম্মদ বাবর। (**১৫২৬ সালে পানি পথের প্রথম যুদ্ধের মাধ্যমে মুঘল সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন–** ভারতবর্ষে)
- **বাংলায় মুঘল শাসনের প্রতিষ্ঠাতা–** সম্রাট আকবর (১৫৭৬ সালে রাজমহলের যুদ্ধে দাউদ খান কররানীকে পরাজিত করে মুঘল শাসন প্রতিষ্ঠা করেন– বাংলায়
- **মুঘল বংশের শেষ শাসক–** ২য় বাহাদুর শাহ (১৮৫৭ সালে সিপাহী বিদ্রোহকে সমর্থন করায় মুঘল বংশের পতন হয়)।
- **মুঘল আমলে বাংলার নাম ছিল–** সুবা-ই-বাঙ্গালা
- **মুঘল বংশের মোট শাসক ছিল–** ১৭ জন
- **দক্ষ শাসক ছিল** – ৬ জন
- **মনে রাখার টেকনিক: বাবার হইল আবার জ্বর সারিল ঔষধে।**
  - **বাবার** = বাবর (যে মুঘল সম্রাট নিজের আত্মজীবনী নিজেই লিখেন)
  - **হইল** = হুমায়ন (বাংলাকে জান্নাতাবাদ ঘোষণা করেন)
  - **আবার** = আকবর (মুঘল বংশের শ্রেষ্ঠ শাসক)
  - **জ্বর** = জাহাঙ্গীর (তার সুবেদার ইসলাম খাঁ ১৬১০ সালে ঢাকাকে প্রথম রাজধানী করেন)
  - **সারিল** = শাহজাহান (Prince of Builders বলা হয়)
  - **ঔষধে** = আওরঙ্গজেব (জিন্দাপীর বলা হয়)

দক্ষ মুঘল শাসক ৬ জন

জহির উদ্দিন মুহম্মদ বাবর

- **জন্ম :** ১৪৮৩ সালে আফগানিস্তানের ফারগনায়
- **শাসনকাল– (**১৫২৬-৩০ খ্রিঃ)।
- **ভারতের উত্তর প্রদেশের অযোদ্ধায় বাবরী মসজিদ প্রতিষ্ঠা করেন–** ১৫২৮ সালে। উগ্রবাদী হিন্দুরা ১৯৯২ সালে ৬ ডিসেম্বর এই মসজিদটি ধ্বংস করে।
- **সমাধি** – কাবুলে (আফগানিস্তান)।
- **আত্মজীবনী–** তুযুক ই বাবর বা বাবরনামা (তুর্কিভাষায় লেখা)

নাসিরুদ্দিন মুহম্মদ হুমায়ুন

- **ডাকনাম–** নাসিরুদ্দিন।
- **শাসনকাল–** ১ম (১৫৩০– ৪০ খ্রি:), ২য় (১৫৫৫–৫৬খ্রিঃ)
- গ্রন্থাগারের সিঁড়ি থেকে পড়ে মারা যান।
- **১৫৩৮ সালে গৌড় তথা বাংলাকে ঘোষণা করেন** – "জান্নাতাবাদ" **
- **সমাধি** – দিল্লী (ভারত)।

জালালুদ্দিন মুহম্মদ আকবর

- ভারতবর্ষে দীর্ঘ সময় ৪৯ বছর শাসন করে, তার সময়ে সবচেয়ে বেশি সাম্রাজ্য বিস্তার লাভ করে।
- **ডাক নাম–** জালালুদ্দিন।
- **শাসনকাল–** (১৫৫৬-১৬০৫খ্রি:)।
- **সমাধি** – সেকেন্দ্রায় (ভারত)।**
- **মৃত্যু বরণ করেন–** ১৬০৫ সালে

নুরুদ্দীন মুহম্মদ জাহাঙ্গীর

- **ডাকনাম** – সেলিম।
- **শাসনকাল** – (১৬০৫-২৭ খ্রিঃ)।
- **স্ত্রী ছিল** – মেহেরুন্নেসা বা নূর জাহান বেগম।
- **বারো ভূঁইয়াদের পতন ঘটান এবং ইংরেজদের বাণিজ্য কুঠির নির্মাণের অনুমতি দেন** – জাহাঙ্গীর।**
- **আত্মজীবনীমূলক গ্রন্থ–** তুযুক ই-জাহাঙ্গীর
- **সমাধি–** লাহোর, পাকিস্তান

সম্রাট শাহজাহান

- **পুরোনাম–** শাহবুদ্দিন মুহাম্মদ খুররাম
- **ডাক নাম–** শেখুবাবা/শাহজাহান
- **শাসনকাল–**(১৬২৭-৫৮খ্রি:
- ১৭৩৯ সালে পারস্যের "নাদির শাহ" ময়ূর সিংহাসন লুণ্ঠন করেন
- **তার চার পুত্র–** খুররম (আওরঙ্গজেব), শাহরিয়ার, দারাশিকো, শাহ সুজা
- **সমাধি** – আগ্রা, উত্তরপ্রদেশ, ভারত

আওরঙ্গজেব

- **জীবন কাল ছিল–** ১৬৫৮-১৭০৭
- **উপাধি** – আলমগীর শাহ গাজী
- **ডাক নাম ছিল–** আলমগীর
- **সমাধি** – খুলতাবাদ, মহারাষ্ট্র, ভারত
- তিনি অত্যন্ত দ্বীনদার ও ধার্মিক ছিলেন
- মুগল বংশের ষষ্ঠ শাসক ছিলেন
- **কুচবিহারের নামকরণ করা হয়–** আলমগীরনগর
- জিজিয়া কর পুনঃস্থাপন করেন

আকবরের উল্লেখযোগ্য কর্ম

- **বাংলা সনের প্রবর্তন, নববর্ষের প্রচলন, পহেলা বৈশাখের সূচনা**
- **'মানসবদারি' প্রথার প্রচলন ও ফতেহপুর সিক্রি নির্মাণ করেন।**
- **'জিজিয়া কর' ও 'তীর্থকর' রহিতকরণ করেন।**
- **পাঞ্জাবের 'অমৃতসর স্বর্ণমন্দির' নির্মাণ, জালালী সন প্রচলন করেন।**
- **'দ্বীন-ই-ইলাহী' নতুন ধর্মের প্রচলন, ফসলী সনের সাথে সম্পর্কিত।**

আকবরের বিশিষ্ট ব্যক্তিবর্গ

আবুল ফজল	সম্রাট আকবরের সভাকবি
তানসেন	রাজসভার গায়ক
টোডরমল	রাজস্ব মন্ত্রী/অর্থমন্ত্রী
বীরবল	কৌতুককার

শাহজাহানের উল্লেখযোগ্য কর্ম

- **আমমহল, খাস মহল, শীষ মহল, তাজমহল, ময়ূর সিংহাসন নির্মাণ করেন।**
- **দিল্লির জামে মসজিদ, দিল্লির লাল কেল্লা নির্মাণ করেন।**
- **সালিমার উদ্যান নির্মাণ করেন।**

সর্বশেষ মুঘল সম্রাট ২য় বাহাদুর শাহ

- **সিপাহী বিদ্রোহকে সমর্থন করায় তাকে নির্বাসন দেওয়া হয়–** রেঙ্গুনে (মিয়ানমার)।
- **রেঙ্গুনের বর্তমান নাম–** ইয়াঙ্গুণ
- **মৃত্যু–** ১৮৬২ সালে ৮৭ বছর বয়সে। **সমাধি–** রেঙ্গুনে (মিয়ানমার)।
- **সিপাহী বিদ্রোহের সাথে স্মৃতি বিজড়িত স্থান–** বাহাদুর শাহ পার্ক।

Note: ১৮৫৮ সালে ঢাকার নবাব আব্দুল গনী রানী ভিক্টোরিয়া সরাসরি ১৮৫৮ সালে ভারত বর্ষের দায়িত্ব গ্রহণ করলে তার স্বরণে ভিক্টোরিয়া পার্ক নির্মাণ করেন। পরবর্তী ১৯৫৭ সালে ভিক্টোরিয়া পার্কের নাম পরিবর্তন করে নামকরণ করা হয় বাহাদুর শাহ পার্ক।

আগ্রার তাজমহল

- **অবস্থিত–** ভারতের উত্তর প্রদেশে, আগ্রায়
- **যে নদীর তীরে–** যমুনা, **অপর নাম–** মমতাজ মহল
- **নির্মাণ কাল–** ১৬৩২-১৬৫৩ (সপ্তদশ শতক)
- **নির্মাণ শ্রম–** ২০ হাজার শ্রমিক ২২ বছরে নির্মাণ করেন
- **স্থপতি– ওস্তাদ আহমেদ লাহৌরি**
- **ইউনেস্কো কর্তৃক বিশ্ব ঐতিহ্য ঘোষণা করা হয়–** ১৯৮৩ সালে (২৫২ তম)
- **বিশ্বের সপ্তম আশ্চার্যের অন্যতম অংশ–** তাজমহল

প্রেক্ষাপট: *শাহজাহানের দ্বিতীয় স্ত্রী আরজুমান্দ বেগম যিনি মমতাজ নামে পরিচিত। তিনি ১৬৩১ সালে চতুর্দশ কন্যা সন্তান গৌহর বেগমকে জন্ম দিতে গিয়ে মৃত্যুবরণ করেন। শাহজাহান মমতাজের স্মৃতিকে ধরে রাখতেই এটি নির্মাণ করেন।*

বাংলায় ও দিল্লিতে মুঘল স্থাপত্য

স্থপতি	স্থাপত্যকর্ম
শায়েস্তা খান	লালবাগ কেল্লা, ছোট কাটরা, সাত গম্বুজ মসজিদ, বিনত বিবির মসজিদ
শেরশাহ	আফগান দুর্গ, ইন্দ্রাকপুর দুর্গ
শাহজাহান	দিল্লী লাল কেল্লা, তাজমহল, ময়ূর সিংহাসন, সালিমার উদ্যান, আমমহল, খাসমহল
শাহজাদা সুজা	বড় কাটরা
মীর জুমলা	ঢাকা গেট
তারা মসজিদ	মীর্জা গোলামপীর
হোসনি দালান বা ইমাম বাড়া	মীর মুরাদ (১৭ শতকে ঢাকার বকশি বাজারে নির্মিত শিয়া ধর্মাবলম্বীদের উপাসনালয় ও কবরস্থান)

বাংলায় সুবাদারী শাসন

বাংলার সুবেদার	উল্লেখযোগ্য কর্ম
মানসিংহ	• মানসিংহ আকবরের সুবেদার ছিলেন। • বারো ভূঁইয়াদের সাথে যুদ্ধ করেন। • বারো ভূঁইয়াদের দমন করতে ব্যর্থ হন।
ইসলাম খান	• ইসলাম খান সম্রাট জাহাঙ্গীরের সুবেদার ছিলেন। • বারো ভূঁইয়াদের দমন করেন। • ঢাকাকে প্রথম রাজধানী করেন (১৬১০)। • ঢাকার নামকরণ করেন জাহাঙ্গীরনগর। • ধোলাইখাল খনন করেন। • নৌকা বাইচের প্রচলন করেন।
শাহ সুজা	• শাহ সুজা সম্রাট শাহজাহানের সুবেদার ছিলেন। • সম্রাট শাহজাহান ও মমতাজের পুত্র ছিলেন। • বিনা শুল্কে ইংরেজদের অবাধ বাণিজ্য সুবিধা দেন। • ঢাকার চকবাজারে বড় কাটরা নির্মাণ করেন।
মীর জুমলা (১৬৬০-৬৩)	• মীর জুমলা সম্রাট আওরঙ্গজেবের সুবেদার ছিলেন। • ঢাকা বিশ্ববিদ্যালয়ে অবস্থিত ঢাকা গেট নির্মাণ করেন। • ১৬৬৩ সালে আসাম যুদ্ধ করেন শাহ সুজার সাথে। • ওসমানী উদ্যানে সংরক্ষিত কামানটি আসাম যুদ্ধে ব্যবহার করেন। • মুন্সিগঞ্জের ইন্দ্রাকপুর দুর্গ নির্মাণ করেন।
শায়েস্তা খান (১৬৬৪-১৬৮৮)	• শায়েস্তা খান ছিলেন আওরঙ্গজেবের মামা ও সুবেদার। • চট্টগ্রাম ও সন্দ্বীপ দখল করেন। • চট্টগ্রামের নাম রাখেন "ইসলামাবাদ" • পর্তুগিজ জলদস্যুদের বিতাড়িত করেন। • "লালবাগের কেল্লা" নির্মাণ করেন • চকবাজারে ছোট কাটরা ও চক মসজিদ নির্মাণ করেন • ঢাকা মোহাম্মদপুরে সাত গম্বুজ মসজিদ নির্মাণ করেন। • মির্জা আবু তালিব ইতিহাসে 'শায়েস্তা খান' নামে পরিচিত • বাংলায় স্থাপত্য শিল্পের বিকাশ ঘটে শায়েস্তা খানের সময়। • টাকায় ৮ মণ চাল পাওয়া যেত শায়েস্তা খানের সময়। • ঢাকার নারিন্দায় বিনত বিবির মসজিদ নির্মাণ করেন।

- বাংলায় সুবেদারী শাসন চালু হয়– মুঘল আমলে
- বাংলায় প্রথম সুবেদার ছিল– ইসলাম খাঁ
- মুঘল আমলে বাংলার নাম ছিল– সুবাহ বাংলা
- সমগ্র বাংলায় সুবেদারি শাসন প্রতিষ্ঠা করেন– জাহাঙ্গীর
- ইউরোপীয় প্যারাডাইজ অব নেশন হিসেবে বর্ণনা করেন– সুবাহ বাংলাকে

নবাবী শাসন

- বাংলায় নবাবী শাসন চালু হয়– মুঘল আমলে
- বাংলার প্রথম নবাব– মুর্শিদকুলী খান (১৭০৩ সাল)
- বাংলার শেষ নবাব– নিজাম উদ্দৌলা (১৭৬৫ সাল)
- বাংলার প্রথম স্বাধীন নবাব– মুর্শিদকুলী খান (১৭১৭ সাল)
- বাংলার শেষ স্বাধীন নবাব– সিরাজ উদ্দৌলা (১৭৫৭ সাল)
- নবাব সিরাজ উদ্দৌলার ডাক নাম ছিল-মির্জা মোহাম্মদ। কিন্তু হত্যাকারী ছিল – মোহাম্মদী বেগ।
- বাংলার রাজধানী ঢাকা থেকে মুর্শিদাবাদে স্থানান্তর করেন– মুর্শিদকুলী খান
- নবাব সিরাজ উদ্দৌলার নানা ছিলেন– আলীবর্দী খান
- আলীবর্দী খান নবাব ছিলেন– ১৭৪০-১৭৫৬ সাল পর্যন্ত
- আলীবর্দী খানের কন্যা ছিলো– ৩ জন (মায়মুনা, ঘসেটি, আমেনা)
- নবাব সিরাজ উদ দৌলা ছিলেন– আমেনা বেগমের ছেলে
- সিরাজ উদ দৌলা কলকাতা নগরীর নাম রাখেন 'আলীনগর' – ১৭৫৬ সালে
- ১৭৫৬ সালে 'অন্ধকূপ হত্যা' প্রচারিত হয়– ইংরেজ চিকিৎসক হলওয়েল কর্তৃক
- রাজস্ব আদায়ের ইজারাদারি প্রথার প্রচলন করেন– মুর্শিদকুলী খান
- নবাবী শাসনামলে বাংলায় অত্যাচার ও লুটপাট করত– বর্গী/মারাঠা সৈন্যরা
- আফগান সৈন্যদের বিদ্রোহ ও মারাঠাদের দমন করেন– আলীবর্দী খান

শূর শাসন (১৫৪০-১৫৫৫)

- শের শাহ এর জন্ম– আফগানিস্থান
- শের শাহ এর সমাধি– বিহার, ভারত
- প্রতিষ্ঠাতা – শের শাহ ১৫৪০ সালে কনৌজের যুদ্ধে হুমায়ুনকে পরাজিত করে শূর শাসন প্রতিষ্ঠা করে।
- ঘোড়ার ডাকের প্রচলন করেন– শের শাহ
- দাম মুদ্রার প্রচলন করে– শের শাহ
- গ্রান্ড ট্রাঙ্ক রোড বা সড়ক-ই-আজম নির্মাণ করেন– শের শাহ
- গ্রান্ড ট্রাঙ্ক রোড বা সড়ক-ই-আজম অবস্থিত– নারায়ণগঞ্জের সোনারগাঁ থেকে দিল্লি পর্যন্ত
- কবুলিয়াত ও পাট্টা ব্যবস্থা প্রচলন করে– শের শাহ
- শের শাহ ঢাকা কেন্দ্রীয় কারাগারে নির্মাণ করেন– আফগান দুর্গ

বারো ভূঁইয়া

- প্রেক্ষাপট: ১৫৭৬ সালে মুঘল সম্রাট আকবর ও দাউদ খান কররানীর মধ্য রাজমহলে যুদ্ধ হয়। সম্রাট আকবর কররানীকে পরাজিত করে বাংলায় মুঘল শাসন প্রতিষ্ঠার প্রচেষ্টা করলে বাংলার অনেক শাসক বিদ্রোহ করে। তাঁরাই বারো ভূঁইয়া নামে ইতিহাসে পরিচিত।
- বারো ভূঁইয়া হলো– বাংলার অসংখ্য জমিদার বা বারো জন জমিদার।
- বারো ভূঁইয়াদের নেতা ছিলেন– ঈশা খাঁ
- ঈশা খাঁ রাজধানী প্রতিষ্ঠা করেন– সোনারগাঁও, নারায়ণগঞ্জ।
- বারো ভূঁইয়াদের মধ্যে শ্রেষ্ঠ ছিলেন – ঈশা খাঁ
- ঈশা খাঁর মৃত্যুর পর নেতা হয়– তাঁর ছেলে মুসা খাঁ।
- বারো ভূঁইয়াদের মধ্যে অন্যতম শক্তিশালী ছিলেন– যশোরের প্রতাপাদিত্য
- ফোর্ট উইলিয়াম কলেজ থেকে প্রকাশিত প্রথম গদ্য গ্রন্থ "রাজা প্রতাপাদিত্য" লেখক– রামরাম বসু।
- বারো ভূঁইয়াদের দমনের চেষ্টা করে ব্যর্থ হন– আকবরের সুবেদার মানসিংহ
- বারো ভূঁইয়াদের চূড়ান্তভাবে পরাজিত করে– জাহাঙ্গীরের সুবেদার ইসলাম খাঁ।

বাংলায় বাণিজ্য

- ১৪৮৭ সালে আফ্রিকার উত্তমাশা অন্তরীপ হয়ে ইউরোপ হতে পূর্ব দিকে আসার জল পথ আবিষ্কার করেন– বার্থোলো মিউ দিয়াজ।
- ১৪৯২ সালে "আমেরিকা" আবিষ্কার করেন- ইতালির নাবিক কলম্বাস।
- ১৪৯৮ সালে সফলভাবে ভারতবর্ষে কালিকট বন্দরে আসেন– পর্তুগিজ নাবিক ভাস্কো দা গামা।

দেশ	সাল	জাতি	পরিচিতি
পর্তুগাল	১৫১৬	পর্তুগিজ	ফিরিঙ্গি
নেদারল্যান্ডস	১৬০২	ডাচ্	ওলন্দাজ
ব্রিটেন	১৬০৮	ইংরেজ	ব্রিটিশ
ডেনমার্ক	১৬১৬	ডেনিশ	দিনেমার
ফ্রান্স	১৬৬৮	ফরাসি	ফরাসি

- সর্বপ্রথম বাণিজ্য করতে আসে– পর্তুগিজ জাতি।
- পর্তুগিজরা ১৫০২ সালে সর্বপ্রথম বাণিজ্য কুঠি স্থাপন করেন– কেরালার কোচিনে
- পর্তুগিজরা কোচিনে একটি দুর্গ নির্মাণ করেন– এটি ভারতের প্রথম ইউরোপীয় দুর্গ।
- ফিরিঙ্গি শব্দটি এসেছে– ফারসি শব্দ থেকে
- পর্তুগিজরা চট্টগ্রামে আসে– ১৫১৮ সালে
- পর্তুগিজদের অধীনে চট্টগ্রামের সমৃদ্ধি ঘটে এবং একটি বাণিজ্য কেন্দ্রে পরিণত হয় যা পরিচিতি পায়– পোর্টো গ্রান্ডে বা বিশাল বন্দর নামে
- ১৫৩৮ সালে চট্টগ্রাম থেকে পর্তুগিজদের বিতাড়িত করেন– শের শাহ
- ১৫৮১-১৬৬৬ সাল পর্যন্ত চট্টগ্রাম অধীনে ছিল– মিয়ানমারের আরাকানদের
- মগ এবং পর্তুগিজ জলদস্যুদের একসাথে বলা হতো – হার্মাদ।
- মুঘল সম্রাট জাহাঙ্গীরের আমলে পর্তুগিজদের হুগলী থেকে উচ্ছেদ করেন– সুবেদার কাশেম খান জুয়িনী
- ১৬৬৬ সালে মগ ও পর্তুগিজ জলদস্যুদের চট্টগ্রাম থেকে বিতাড়িত করেন– শায়েস্তা খান
- সর্বপ্রথম আসার চেষ্টা করলেও সর্বশেষ আসে– ফরাসি জাতি।
- "কলকাতা" নগরীর প্রতিষ্ঠাতা– জব চার্নক (১৬৮৫ সাল)
- ইংরেজরা কলকাতায় "ফোর্ট উইলিয়াম দুর্গ" নির্মাণ করেন– ১৬৯৮ সালে
- "ফরাসি ইস্ট ইন্ডিয়া কোম্পানী" গঠিত হয়– ১৬৬৪ সালে।
- ইউরোপের গৃহযুদ্ধ/৩০ বছরের যুদ্ধের অবসান হয় – ১৬৪৮ সালে ওয়েস্টফালিয়ার চুক্তির মাধ্যমে।

ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি

- ইংল্যান্ডের রানী প্রথম এলিজাবেথ এবং দিল্লী সম্রাট আকবরের রাজত্ব কালে প্রাচ্যের সাথে বাণিজ্য করার জন্য ২১৮ জন ইংরেজ বণিকদের প্রচেষ্টায় "ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি" গঠিত হয়- ১৬০০ সালে ইংল্যান্ডে।
- ক্যাপ্টেন হকিন্স ইংল্যান্ডের রাজা প্রথম জেমসের সুপারিশপত্র নিয়ে বাণিজ্য কুঠি স্থাপনের উদ্দেশ্যে সম্রাট জাহাঙ্গীরের দরবারে আসেন– ১৬০৮ সালে।
- ক্যাপ্টেন হকিন্সের আবেদনক্রমে বাণিজ্য কুঠি নির্মাণের অনুমতি দেন– সম্রাট জাহাঙ্গীর
- ১৬১২ সালে ইংরেজরা উপমহাদেশে প্রথম বাণিজ্য কুঠি স্থাপন করেন– সুরাট, ভারত
- প্রথম ইংরেজ দূত হিসেবে স্যার টমাস রো সম্রাট জাহাঙ্গীরের দরবারে আসেন– ১৬১৫ সালে
- ইস্ট ইন্ডিয়া কোম্পানি প্রথম বাংলায় কুঠি স্থাপন করেন– সম্রাট শাহজানের সময়
- ১৬৩৩ সালে ইস্ট ইন্ডিয়া কোম্পানি প্রথম বাংলায় কুঠি স্থাপন করেন– হরিহরপুরে
- ইস্ট ইন্ডিয়া কোম্পানি বাংলায় দ্বিতীয় কুঠি স্থাপন করেন– ১৬৫১ সালে হুগলী শহরে

- **ইস্ট ইন্ডিয়া কোম্পানি বাংলায় তৃতীয় কুঠি স্থাপন করেন–** ১৬৫৮ সালে কাশিমবাজারে
- **১৬৯০ সালে সুতানটি গ্রামে একটি নগর প্রতিষ্ঠা করেন–** ইস্ট ইন্ডিয়া কোম্পানির এজেন্ট জব চার্নক
- **সুতানটি, কলকাতা ও গোবিন্দপুর গ্রাম নিয়ে কলকাতা নগরী প্রতিষ্ঠা করেন** – জব চার্নক
- **ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসন কেন্দ্র ছিল–** কলকাতা
- **ইস্ট ইন্ডিয়া কোম্পানি ভারতবর্ষের শাসন ক্ষমতা নেয়–** ১৭৫৭ সালে
- **বাংলা, বিহার, উড়িষ্যার দেওয়ানী লাভ করে-**১৭৬৫ সালে (মুঘল সম্রাট দ্বিতীয় শাহ আলমের কাছ থেকে)।
- **কোম্পানির অবসান–** ১৮৫৮ সালে
- **কোম্পানির শাসন ছিল–** ১০০ বছর (১৭৫৭-১৮৫৮ সাল পর্যন্ত)

ইংরেজ শাসকদের সংস্কার

সংস্কারক/শাসক	সংস্কার কার্যক্রম
লর্ড ক্লাইভ	♦ ভারতবর্ষের প্রথম ব্রিটিশ গভর্নর ♦ দ্বৈতশাসন প্রতিষ্ঠা করে (১৭৬৫ সালে)। ♦ ইংরেজ সাম্রাজ্যের গোড়াপত্তন করেন (১৭৫৭)
ওয়ারেন হেস্টিংস	♦ দ্বৈতশাসন ব্যবস্থার বিলোপ সাধন (১৭৭২) ♦ পাঁচশালা ভূমি বন্দোবস্ত (১৭৭৩) ♦ সাম্রাজ্যবাদী স্বত্ব বিলোপ নীতি (১৭৭৪) ♦ উপমহাদেশে প্রথম রাজস্ব বোর্ড গঠন
লর্ড কর্ণওয়ালিশ	♦ জমিদারী প্রথার সূত্রপাত ♦ ভারতে সিভিল সার্ভিস ব্যবস্থা চালু করেন (১৯৫৮) ♦ দশশালা ভূমি বন্দোবস্ত প্রবর্তন ♦ চিরস্থায়ী বন্দোবস্ত (১৭৯৩) ♦ সূর্যাস্ত আইন প্রবর্তন (১৭৯৩) ♦ সতীদাহ প্রথা প্রর্বতন (১৭৯৩)
লর্ড ওয়েলেসলী	♦ অধীনতামূলক মিত্রতা নীতির প্রবর্তন ♦ টিপু সুলতানের সাথে মহীশুর যুদ্ধ করেন।
উইলিয়াম বেন্টিংক	♦ কলকাতা মেডিকেল কলেজ প্রতিষ্ঠাতা (১৮৩৫) ♦ ফার্সির পরিবর্তে ইংরেজি ভাষা চালু (১৮৩৫) ♦ সতীদাহ প্রথা বিলোপ আইন করেন (১৮২৯)
লর্ড ডালহৌসী	♦ স্বত্ব বিলোপ নীতির প্রবর্তন। ♦ ১৮৫০ সালে ভারতে টেলিগ্রাফ ব্যবস্থা চালু করেন ♦ ভারতে টেলিগ্রাফ সেবা চালু ছিল ১৬২ বছর ♦ ২০১৩ সালে এই সেবা বন্ধ করে দেয়া হয় ♦ কলকাতা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেন (১৮৫৭) ♦ রেল লাইনের প্রচলন (১৮৫৩) ♦ বিধবা বিবাহ আইন প্রণয়ন (১৮৫৬)
লর্ড ক্যানিং	♦ কাগজী মুদ্রা প্রচলন (১৮৫৭) ♦ সিপাহী বিপ্লবকালীন গভর্নর জেনারেল/ ভাইসরয় ♦ ভারতবর্ষে প্রথম ভাইসরয় বা রাজ প্রতিনিধি হয়-১৮৫৭ ♦ ভারতবর্ষে পুলিশি ব্যবস্থা চালু করেন ১৮৬১ সালে
লর্ড মেঁয়ো	♦ ভারতবর্ষে ১ম আদমশুমারি চালু করেন (১৮৭২ সালে)।
লর্ড হার্ডিঞ্জ	♦ ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় অবদান রাখেন। ♦ হার্ডিঞ্জ ব্রিজ প্রতিষ্ঠা করেন (১৯১৫) ♦ বঙ্গভঙ্গ রদ করেন (১৯১১)
লর্ড মাউন্টব্যাটেন	♦ ব্রিটিশ ভারতের সর্বশেষ গভর্নর জেনারেল/ ভাইসরয়

- **বিধবা বিবাহ প্রবর্তনে চেষ্টা করেন–** ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
- **১৮৮২ সালে উইলিয়াম হান্টারের নামানুসারে উপমাদেশের প্রথম শিক্ষা কমিশনের নামকরণ করা হয়** - হান্টার কমিশন (Hunter Commission)
- **হিন্দু বিধবাদের বিয়ে যে আইনের দ্বারা হয়–** The Hindu Window's Re-marrige Act, 1856
- **ভারতের কর্ণাটকের মহীশুর রাজ্যের রাজা টিপু সুলতান যে ইংরেজ গভর্নর জেনারেলের সাথে যুদ্ধ করেন–** লর্ড ওয়েলেসলি

বাংলায় মন্বন্তর

২বার

নাম	বাংলা সাল	ইংরেজি সাল
ছিয়াত্তরের মন্বন্তর	১১৭৬	১৭৭০
পঞ্চাশের মন্বন্তর	১৩৫০	১৯৪৩

- **ছিয়াত্তরের মন্বন্তর উপর লেখা উপন্যাস–** পথের পাঁচালি (বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়)।
- **ছিয়াত্তরের মন্বন্তর উপর চলচ্চিত্র–** পথের পাঁচালি (সত্যজিৎ রায়)
- **পঞ্চাশের মন্বন্তর উপর লেখা নাটক–** নেমেসিস (নুরুল মোমেন)
- **পঞ্চাশের মন্বন্তর উপর চিত্রকর্ম–** ম্যাডোনা- ৪৩ (জয়নুল আবেদীন)
- **ছিয়াত্তরের মন্বন্তরের জন্য দায়ী ছিলো** – লর্ড ক্লাইভ
- **ছিয়াত্তরের মন্বন্তরকালীন বাংলার গভর্নর ছিলো–** লর্ড কার্টিয়ার
- **ছিয়াত্তরের মন্বন্তরে বাংলার ৩ কোটি মানুষের মধ্যে মারা যায়–** প্রায় ১ কোটি মানুষ
- **পঞ্চাশের মন্বন্তর উপর চিত্রকর্ম এঁকে আন্তর্জাতিক খ্যাতি অর্জন করেন**–জয়নুল আবেদীন
- **ছিয়াত্তরের মন্বন্তরের পটভূমিতে রচিত তুলসি লাহিড়ীর**- ছেঁড়াতার
- **মনে রাখুন:** ১লা জানুয়ারি থেকে ১৩ এপ্রিল পর্যন্ত তারিখ হলে বাংলা সাল থেকে ইংরেজি সাল বের করতে ৫৯৪ বছর যোগ করুন এবং ১৪ এপ্রিল থেকে ৩১ ডিসেম্বরের মধ্যে তারিখ হলে বাংলা সালের সাথে ৫৯৩ বছর যোগ করলেই ইংরেজি সাল পাওয়া যাবে।

ফকির সন্ন্যাসী বিদ্রোহ

- **সময়–** (১৭৬০-১৮০০)
- **বাংলার ফকিরদের নেতা–** মজনু শাহ
- **সন্ন্যাসীদের নেতা–** ভবানী পাঠক
- **ভবানী পাঠকের সহযোগী ছিলেন–** দেবী চৌধুরাণী
- **ফকিররা ইংরেজদের কোম্পানী লুট করে–** ১৭৬৩ সালে
- **ফকিরদের নেতা মজনু শাহ মারা যায়–** ১৭৮৭ সালে
- **ইংরেজদের বিরুদ্ধে প্রথম বিদ্রোহ–** ফকির সন্ন্যাসী বিদ্রোহ

তিতুমীরের আন্দোলন (Titumir Movement)

- **ইংরেজদের বিরুদ্ধে অস্ত্র ধরে প্রথম শহীদ হন–** তিতুমীর।
- **তিতুমীরের প্রকৃত নাম–** মীর নিসার আলী
- **তিতুমীর "বাঁশের কেল্লা" নির্মাণ করেন–** নারিকেল বাড়িয়ায়।
